# Times Today BD

মো. নাঈম | বরিশাল | 06 April, 2025

ঝালকাঠির নলছিটিতে একটি গাছ থেকে একই রশিতে ঝুলন্ত অবস্থায় মা ও ছেলের লাশ উদ্ধার করেছে পুলিশ।রবিবার (৬ এপ্রিল) সকালে উপজেলার মগড় ইউনিয়নের রায়াপুর এলাকায় বাড়ির পেছনের একটি রেইন্ট্রি গাছ থেকে তদের লাশ উদ্ধার করা হয়।এরা হলেন, রায়পুর গ্রামের আবু হানিফ মাঝির স্ত্রী রুবি বেগম (৫৩) ও ছেলে আসাদ মাঝি (৩৫)।বিষয়টি নিশ্চিত করেছেন নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো আব্দুস সালাম।

পুলিশ ও স্থানীয়রা জানান, তারা খুলনা বসবাস করতো ঈদে নলছিটি গ্রামের বাড়িতে আসেন।রবিবার সকালে মা ছেলের লাশ বাড়ির পেছনের একটি রেইন্ট্রি গাছে একই রশিতে ঝুলছিল।প্রতিবেশীরা সকালে গাছে মা ছেলের লাশ দেখে পুলিশে খবর দেয়।পুলিশ গিয়ে লাশ উদ্ধার করে।দুজনের লাশ ময়না তদন্তের জন্য ঝালকাঠি সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।পুলিশ প্রাথমিকভাবে ধারনা করছে, মা ও ছেলে দুজনেই আত্মহত্যা করেছেন।কিন্তু মৃত্যুর এখনো সঠিক কারণ জানা যায়নি।

রুবী বেগমের দেবর শান্ত মির্জা বলেন, সকালে কলা বাগান পরিচর্যা করতে গিয়ে বাগানের ভিতরে একটি রেইনট্রি গাছের ডালে একই রশিতে ঝুলন্ত অবস্থায় তাদের দেখতে পেয়ে চিৎকার করলে এলাকার লোজজন আসেন।পরবর্তীতে পুলিশ এসে মরদেহ উদ্ধার করে।

এদিকে এলাকার একটি সূত্র বলছে, রুবি বেগমের ছেলে আসাদ মাঝির সঙ্গে এক একই এলাকার বিবাহিত এক মহিলার পরকীয়া প্রেম ছিল। কিছুদিন আগে ওই মহিলা বাড়ি ছেড়ে অজানা কোনো স্থানে চলে যায়।ওই মহিলাকে এনে দেওয়ার জন্য তার ভাইয়েরা আসাদ ও তার পরিবারের ওপর নানাভাবে চাপ প্রয়োগ করাসহ ভয়- ভীতি দেখাচ্ছিলেন।তাদের মতে মা ও ছেলেকে হত্যা করে গাছে ঝুলিয়ে রাখা হয়েছিল।

নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুস সালাম বলেন, এ ঘটনায় থানায় একটি অপমৃত্যু মামলা করা হবে।এটা হত্যা না আত্মহত্যা ময়নাতদন্তের রিপোর্ট পাওয়ার পূর্বে কিছুই নিশ্চিত করে বলা যাচ্ছে না।ময়নাতদন্ত প্রতিবেদন পেলে মা ছেলের মৃত্যুর প্রকৃতি কারণ জানা যাবে।এ ঘটনাটি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলেও জানান তিনি।

লাশ উদ্ধার,পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 10 June, 2025 23:15

URL: https://timestodaybd.com/public/barishal/379775807